কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন

কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেলার উদ্ভোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী আনিসুল ইসলাম। কৃষি অফিসের আয়োজনে যশোর অঞ্চল টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় মেলাটি হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

জানা যায়, যশোর অঞ্চল টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্ভোধন করা হয়েছে। যা চলবে আগামী ২৫ থেকে ২৭ ফেব্রুয়ারী পর্যন্ত। এ উপলক্ষে আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর উপজেলা চত্বর থেকে বের হয় র্যালি। এরপর র্যালিটি স্থানীয় কলেজ বাসস্ট্যান্ড ঘুরে উপজেলায় এসে শেষ হয়। পরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

এতে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদ হোসেন। অনুষ্ঠানে বক্তব্যের পর মেলা উদ্ভোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী আনিসুল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন, জেলার কৃষি অতিরিক্ত উপ-পরিচালক সেলিম রেজা, উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, কোটচাঁদপুর উপজেলা সাবেক চেয়ারম্যান ও উপজেলা জামায়াতের আমীর মওলানা তাজুল ইসলাম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-অর-রশিদ।

এ ছাড়া উপস্থিত ছিলেন রাইয়ান কৃষি জৈব ফার্মের পরিচালক ড.নজরুল ইসলাম ও কোটচাঁদপুর উপজেলা কৃষি কল্যাণ সমিতির সভাপতি হারুন-অর-রশিদ মুসা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন, অতিরিক্ত কৃষি কর্মকর্তা নাজমুল সাকিব।

এরপর দুপুরে কৃষি মেলায় আসেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল। পরিদর্শন করেন মেলার প্রতিটি স্টল। এ বছর মেলায় ১৪ টি স্টল অংশ গ্রহন করেছেন।

কোটচাঁদপুর ৫২ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্ভোধন

আমি দশ লক্ষ মানুষের দ্বারে দ্বারে তাদের হক পৌঁছে দিতে চাই আপনাদের সহযোগিতায়। যারা আমাকে ভোট দিয়ে এ আসনে বসার সুযোগ করে দিয়েছেন। আজ মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠের ৫২ তম শীত কালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্ভোধনী অনুষ্ঠানে এ কথা বলেন, ঝিনাইদহ -৩ আসনের সংসদ সদস্য মেজর জেনারেল অবঃ সালাহ উদ্দিন মিয়াজি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি,কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন,উপজেলা মুক্তিযোদ্ধা মুক্তি যোদ্ধা কমান্ডার(সাবেক) তাজুল ইসলাম,পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন,সাব্দালপুর ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল মান্ন, জোড়া ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল জলিল বিশ্বাস।

এ ছাড়া উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাশেম আলী,কোটচাঁদপুর পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল,সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমান। উপস্থিত ছিলেন, ৩৪ টি স্কুল,কলেজ, মাদ্রাসার শিক্ষক ও ছাত্রীরা। পরে সংসদ সদস্য ফেস্টুন উড়িয়ে শীত কালীন ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এরপর শুরু ৩৪ টি স্কুল,কলেজ, মাদ্রাসার ছাত্র/ছাত্রীদের অংশ গ্রহনে ক্রীড়া প্রতিযোগিতা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকার।

কোটচাঁদপুর উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের নির্মান কাজের উদ্ভোধন

ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য কোটচাঁদপুর উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের নির্মান কাজের উদ্ভোধন করেছেন। বৃহস্পতিবার দুপুরে এ কমপ্লেক্সের উদ্ভোধন করেন তিনি।

উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী অফিসার উছেন মে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি নুরুল ইসলাম খান বাবলু, ফারজেল হোসেন মন্ডল,মোঃ লুৎফর রহমান, কোটচাঁদপুর পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর, উপজেলা প্রকৌশলী মিজানুর রহমান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান, কুশনার শাহারুজ্জামান সবুজ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন,প্রকৌশলী মিজানুর রহমান, তিনি বলেন,উপজেলা ব্যাপী উন্নয়ন কাজ চলমান রয়েছে। এরধারাবাহিকতায় আজ উদ্ভোধন হল উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন। যা নির্মিত হচ্ছে ৬ কোটি ৩ লাখ,৮৩ হাজার ৬৬৩ টাকা ব্যয়ে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেলার উদ্ভোধন

উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ ‘ এ শ্লোগানে কোটচাঁদপুরে ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্ভোধন করা হয়েছে। বুধবার সকালে উপজেলা সম্মেলন কক্ষে এ মেলার উদ্ভোধন করা হয়।

উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারি কমিশনার(ভুমি) নিরুপমা রায়, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার বিশ্বাস, কৃষি কর্মকর্তা মহাসিন আলী, সমাজসেবা কর্মকর্তা জহুরুল ইসলাম,পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা,পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা চম্পা অধিকার।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলার বিভিন্ন স্কুল কলেজের ছাত্র/ছাত্রীরা। উদ্ভাবনী মেলায় ২২ টি স্টোল স্থান পেয়েছেন। এর আগে উপজেলা চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। পরে শোভাযাত্রাটি বিদ্যুৎ অফিস মোড়, বাজেবামনদহ তেল পাম্পের সামনে থেকে ঘুরে এসে উদ্ভোধনী মেলার আলোচনা সভায় মিলিত হন।

এরপর অতিথি বৃন্দরা স্টোল পরিদর্শন করেন। বিকালে পুরস্কার বিতরনের মধ্যদিয়ে মেলার সমাপ্তি হবেন বলে জানিয়েছেন নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। অনুষ্ঠান সঞ্চালনা করেন মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের।

কোটচাঁদপুরে পূবালী ব্যাংকের ১০৪ তম উপশাখার উদ্ভোধন

কোটচাঁদপুরে পূবালী ব্যাংক, ১০৪ তম উপশাখার উদ্ভোধন করেছেন।

সোমবার সকালে পৌর শহরের প্রাণ কেন্দ্রে এ শাখার উদ্ভোধন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সহকারী মহাব্যবস্থাপক ও ঝিনাইদহের শাখা প্রধান কাজী শিহাবুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের উপমহাব্যবস্থাপক ও খুলনা অঞ্চল প্রধান আরিফুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক ও খুলনা শাখার প্রধান সালা্হউদ্দিন পিডিপির কোটচাঁদপুরের আবাসিক প্রকৌশলী মনোয়ার জাহিদ, কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগ সভাপতি কাজী আলমগীর হোসেন। বক্তব্য রাখেন পূর্বালী ব্যাংকের সিনিয়র প্রিন্সিপাল অফিসার মারুফ হোসেন, যশোর শাখার ব্যবস্থাপক শফিকুল ইসলাম, কোটচাঁদপুর উপশাখার ব্যবস্থাপক সাইদুর রহমান। বিশিষ্ট ব্যবসায়ি মোহাম্মদ আলী, সেলিম কায়সার,শিক্ষক আব্দুল আজিজ, প্রেসক্লাব সভাপতি নজরুল ইসলাম, ঠিকাদার ও ব্যবসায়ি সাইফুর রহমান,মেহেদি হাসান বুলবুল।

অসহায় রোগীদের বিনামূল্যে অপারেশন করানো হবে- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, অসহায় ও দরিদ্র রোগীদের বিনামূল্যে অপারেশন করানো হবে মক্কা চক্ষু হাসপাতালে।

মানবতার এই উদ্যোগটি বিশাল একটি উদ্যোগ যেটি আমরা তথা মেহেরপুরবাসী আল্লাহ তায়ালার উপহার স্বরূপ পেয়েছি। আমার কাছে অনেকেই আসতো চোখের সমস্যা, চোখের ছানি এই বিষয় গুলো জানতে যে,কোথায় যাবে বা কি করবে।

এই সমস্যা সমাধানের জন্য আমরা অনেক সময় বিভিন্ন ক্যাম্পেইন করে

থাকতাম কিন্তু এখন প্রতিনিয়তই চক্ষু সেবা প্রদান করা সম্ভব।

শুক্রবার বেলা সাড়ে ১১ টার ফিতা কেটে মক্কা চক্ষু হাসপাতালের উদ্ভোধনকালে প্রধান অতিথি বক্তব্য তিনি এ কথা বলেন।

ডা. আহাম্মেদ তাহের হামিদ আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে তিনি আরো বলেন, মানুষের উপকার করার মতো একটি মহৎ উদ্যোগের মধ্য দিয়ে আমরা মক্কা চক্ষু হাসপাতালের উদ্ভোধন করতে পেরেছি,এটি মহান আল্লাহ তায়ালার অশেষ মেহেরবানী। আল্লাহ তায়ালা আমাদের এই সুযোগ করে দিয়েছেন যাতে এর মাধ্যমে মানুষের উপকার করা সম্ভব হয়।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, সিভিল সার্জন ডা.জওয়াহেরুল আনাম সিদ্দিকী, ডা.সালমান আহমেদ প্রমুখ।

ডা.আহাম্মেদ তাহের হামিদ আলী জানান, আল বাসার আন্তজার্তিক ফাউন্ডেশনের সহযোগি প্রতিষ্ঠান হলো এই মক্কা চক্ষু হাসপাতাল। মেহেরপুরের এটি বাংলাদেশের ৮ম শাখা। মেহেরপুরে ৮ জন বিশেষঞ্জ ডাক্তারের সহয়তায় ৬ হাজার রোগীকে বিনামুল্যে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হবে। এছাড়াও ৮ শত রোগীকে বিনামুল্যে চক্ষু অপারেশন ও ২ বার ফলোআপ চিকিৎসা প্রদান করা হবে।

উল্লেখ্য, আজ মেহেরপুরের ৬ হাজার চক্ষু রুগীদের বিনামূল্যে চক্ষু চিকিৎসা প্রদান করা হচ্ছে।